গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
(নেজারত শাখা)
(www.faridpur.gov.bd)

নম্বর-০৫.১২.২৯০০.০০৮.১১.০০১.২২-৫২১

তারিখ ঃ ০৭ জ্যৈষ্ঠ ,১৪৩০ বঙ্গাব্দ
২১ মে,২০২৩ খ্রিস্টাব্দ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর ০২/০৬/২০২২ তারিখের ০৫.১২.২৯০০.০০৮.১১.০০১.২২-৫৩৪ নং স্মারকের মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় কিন্তু যোগ্য প্রার্থী না পাওয়ায় পুনরায় ফরিদপুর সার্কিট হাউজের নিম্ন বর্ণিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | বাবুর্চি (সার্কিট হাউজ) | ০১ (এক) টি | গ্রেড-২০, বেতনস্কেল : ৮,২৫০-২০,০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |

## শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি www.faridpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। **আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।**

০৩। জেলাপ্রশাসক, ফরিদপুর বরাবর আবেদনপত্র আগামী ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ;**

ক) প্রার্থীর সাম্প্রতিক ৫X৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

খ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি।

ঙ) জাতীয় পরিচয় পত্র অথবা পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ (অনলাইন কপি) পত্রের সত্যায়িত কপি।

চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সনদপত্রের সত্যায়িত কপি।

ছ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের সাথে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্র দাখিল করতে হবে এবং শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর এর নিকট তালিকাভূক্তির সনদপত্রের সত্যায়িত কপি।

ঝ) ট্রেজারী চালানের মাধ্যমে ১-০৭৪২-০০০১-২০৩১ নং কোডে সোনালী ব্যাংকের যে কোন শাখায় পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি (১ম কপি) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ;

ঞ) খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণ নাম-ঠিকানা সম্বলিত ১৫/- (পনের) টাকা মূল্যের ডাকটিকিট এবং ১০"X৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে ;

০৫। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে ;



Scanned with CamScanner

০৬। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণির কর্মকর্তা হতে হবে এবং নাম-পদবি যুক্ত সিল ব্যবহার করতে হবে ;

০৭। প্রার্থীর বয়স ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে । বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

০৮। বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না এবং আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না ।

০৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১০। সরকারি নীতিমালা মোতাবেক বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/মহিলা/আনসার-ভিডিপি/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হবে ;

১১। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে ;

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত পরিবর্তন,সংযোজন, সংশোধন বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/৫/২০২৩

(মো: কামরুল আহসান তালুকদার পিএএ)
জেলাপ্রশাসক
ফরিদপুর
ফোন : ০২৪৭৮৮০৩০২২
(Email-dcfaridpur@mopa.gov.bd)

নম্বর-০৫.১২.২৯০০.০০৮.১১.০০১.২২- ৫২১ (১০০)

তারিখ ঃ ০৭ জ্যৈষ্ঠ ,১৪৩০ বঙ্গাব্দ
২১ মে,২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক ................................(সকল)
০৫। পুলিশ সুপার, ফরিদপুর।
০৬। সিভিল সার্জন, ফরিদপুর।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিঃ ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ...............................(সকল), ফরিদপুর।
১১। সহকারী কমিশনার(ভূমি), ...............................(সকল), ফরিদপুর।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..........................................(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
১৩। সিনিয়র তথ্য অফিসার, ফরিদপুর।
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, ফরিদপুর।
১৫। (ক) সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ঢাকা।
(খ) সম্পাদক, দৈনিক ভোরের রানার, ফরিদপুর।
১৬। অফিস কপি/মাস্টার ফাইল।

২১/৫/২০২৩

জেলাপ্রশাসক
ফরিদপুর

Scanned with CamScanner